


প্রকাশ : রবিবার, ২৯ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ২৮ নভেম্বর, ২০১৫ ২৩:০৮

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

যানজট নিরসনে মহাপরিকল্পনা

ঢাকা উত্তর সিটিতে ২২ ইউলুপ, তৈরি হচ্ছে মাস্টার প্ল্যান

নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

রাজধানীর যানজট নিরসনে মহাপরিকল্পনা হাতে নিয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। এরই অংশ হিসেবে রাজধানীর জয়দেবপুর চৌরাস্তা-সংলগ্ন তেলিপাড়া থেকে তেজগাঁও সাতরাস্তা মোড় পর্যন্ত ২২টি 'ইউলুপ' তৈরির মাস্টারপ্ল্যান হাতে নিয়েছে ডিএনসিসি। গতকাল দুপুরে গুলশানের একটি রেস্টোরাঁয় এক মতবিনিময় সভায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদেরসহ সংশ্লিষ্ট বিভিন্ন দফতরের প্রতিনিধির সামনে এ-সংক্রান্ত বিস্তারিত পরিকল্পনা তুলে ধরেন মেয়র আনিসুল হক। এটি বাস্তবায়ন হলে আগামী জুনের মধ্যে উত্তর সিটির ৩০-৪০ ভাগ যানজট কমে যাবে বলে জানান মেয়র। মতবিনিময় সভায় মেয়র আনিসুল হক ইউলুপগুলো তৈরিতে ৩৭ বিঘা জমির দাবি জানালে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের তা প্রদানের আশ্বাস দেন। এ ছাড়া সব ধরনের সহযোগিতার কথা জানান গাজীপুরের সংসদ সদস্য জাহিদ আহসান রাসেল, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সুরাইয়া বেগম, রেলপথ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ফিরোজ সালাহউদ্দিনসহ সংশ্লিষ্ট ট্রাফিক পুলিশ, বিআরটিএ কর্মকর্তা ও ডিএনসিসির কাউন্সিলররা। প্রধান অতিথির বক্তব্যে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, যানজট এখন জাতীয় সমস্যা। এটি অসহনীয় পর্যায়ে চলে যাচ্ছে। ভিআইপিরা তো উল্টো রাস্তা দিয়ে চলছেনই, আবার অনেকে ভুয়া স্টিকার লাগিয়ে ভুয়া এমপি, সাংবাদিক, কিংবা ভুয়া পুলিশ সেজে উল্টো পথে চলছেন। এতে যানজট আরও বাড়ছে। তিনি বলেন, জায়গা কোনো বিষয় নয়। এটি জনগণের সম্পত্তি। তাই জনগণের স্বার্থে যানজট নিরসনে এটি কাজে লাগানো যেতে পারে। মেয়রের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, আপনি ফুটপাথ খালি করার ব্যবস্থা করেন। রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় যারা অবৈধ দখলের চেষ্টা করছেন তাদের সরান। এ ব্যাপারে কাউন্সিলরদের সাহায্য নিন। কারণ এটি তাদেরও দায়িত্বের মধ্যে পড়ে। এটি

করতে পারলে যানজটের সঙ্গে জনজটও কমবে বলে মন্তব্য করেন তিনি। মন্ত্রী বলেন, এর জন্য চাই সমন্বিত পদক্ষেপ। ইউলুপ তৈরিতে কালক্ষেপণ না করে মেয়রকে দ্রুত মাঠে নেমে পড়ার আহ্বান জানান তিনি। মেয়র আনিসুল হক বলেন, আমরা সংশ্লিষ্ট সংস্থার মতামত নিয়ে বিশেষজ্ঞদের পরামর্শক্রমে সরেজমিনে ইঞ্চি ইঞ্চি জায়গা পরীক্ষা করে দেখেছি। হাতিরঝিল সাতরাস্তা থেকে গাজীপুর চৌরাস্তা পর্যন্ত সড়কে ২২টি ইউলুপ করার সিদ্ধান্ত নিয়েছি। ইউলুপের সর্বনিম্ন দূরত্ব ৮০০ মিটার এবং সর্বোচ্চ ৩ দশমিক ২ কিলোমিটার হবে। এ জন্য ৩৭ দশমিক ০৯ বিঘা জমি লাগবে। এ জমি পাওয়া গেলে ছয় মাসের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন সম্ভব হবে। এতে অন্তত ২৫ থেকে ৪০ ভাগ যানজট কমে যাবে। তিনি বলেন, সরকারের জন্যও এখন বড় প্রতিবন্ধকতা যানজট। সেতুমন্ত্রী সম্মতি দেওয়ায় জুনের মধ্যে এর কাজ শেষ করাই হবে আমাদের প্রধান টার্গেট। সভায় ডিজিটাল চিত্রে ইউলুপ পরিকল্পনার বিস্তারিত মডেল তুলে ধরেন পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহউদ্দীন। ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা বি এম এনামুল হক, আর্কিটেক্ট তানভীর নেওয়াজ, ঢাকা মহানগর পুলিশের (ট্রাফিক) যুগ্ম-কমিশনার মোসলেহ উদ্দিনসহ সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তা-কর্মচারী ও কাউন্সিলররা এ সময় উপস্থিত ছিলেন।